তারিখ: 18 FEB 2016 পৃঃ ১৫ কলাম ৬

দৈনিক ইত্তেফাক

# সিদ্ধিরগঞ্জে এক স্কুলের খেলার মাঠে অন্য স্কুলের ভবন নির্মাণ

■ সিদ্ধিরগঞ্জ (নারায়ণগঞ্জ) সংবাদদাতা

সিদ্ধিরগঞ্জে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের খেলার মাঠ দখল করে উচ্চ বিদ্যালয়ের বহুতল ভবন নির্মাণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় শিক্ষার্থী ও এলাকাবাসীর মধ্যে ক্ষোভ বিরাজ করছে।

জানা যায়, সিদ্ধিরগঞ্জ রেবতী মোহন পাইলট স্কুল এন্ড কলেজ এবং সিদ্ধিরগঞ্জ সরকারি দক্ষিণ প্রাথমিক বিদ্যালয় একই চৌহদ্দির মধ্যে প্রায় এক একর জমির উপর প্রতিষ্ঠিত। উত্তর পাশে রেবতী মোহন এবং দক্ষিণ পাশে প্রাথমিক বিদ্যালয়টি অবস্থিত হওয়ায় উভয় বিদ্যালয়ের মাঝে থাকা বিশাল মাঠে সারাবছরই শিক্ষার্থীরা মনের আনন্দে খেলাধুলা করত। কিন্তু সম্প্রতি রেবতী মোহন স্কুল কর্তৃপক্ষ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠ দখল করে নির্মাণ করছে বহুতল ভবন।

সিদ্ধিরগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সায়েদুর রহমান জানান, প্রাথমিক বিদ্যালয়ের নামে ৩৩ শতাংশ জমি রয়েছে। আমাদের জমি বুঝিয়ে না দিয়েই হাই স্কুল কর্তৃপক্ষ ভবন নির্মাণ করছে। প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি আব্দুল মোতালিব জানান, প্রাথমিক বিদ্যালয়ের জমির দখল চেয়ে নারায়ণগঞ্জ বিজ্ঞ যুগ্ম জেলা জজ আদালতে মামলা (৩৩০/১৫) করা হয়েছে। নির্মাণ কাজ বন্ধ রাখার বিষয়ে জেলা প্রশাসক বরাবরেও আবেদন করেছি। সিদ্ধিরগঞ্জ থানায় এ বিষয়ে একটি জিডি (৩৫৩/১৬) করলে থানা কর্তৃপক্ষ নির্মাণ কাজ থেকে বিরত থাকতে লিখিত নোটিস দিলেও তারা তোয়াক্কা করছে না।

রেবতী মোহন পাইলট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ নূরুল ইসলাম এ বিষয়ে বলেন, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি বিষয়টি সমঝোতার চেষ্টা করছে।